

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কাউনিয়া, রংপুর।

খাদ্য মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয় সরবরাহ-১ শাখা, ঢাকা এর স্মারক নং ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০৫ তারিখ ০৯.১০.২০২৪ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্র ও ওএমএস নীতিমালা ২০২৪' মোতাবেক গত ০৫.১১.২০২৪ খ্রি. তারিখ অনুষ্ঠিত উপজেলা ওএমএস কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হারাগাছ পৌরসভায় আগামী ০৫ (পাঁচ) বছর ওএমএস কার্যক্রম পরিচালনার জন্য নিম্ন লিখিত বিক্রয় কেন্দ্র সমূহে ডিলারশীপ পরিচালনার নিমিত্ত নতুন ডিলার নিয়োগ কল্পে হারাগাছ পৌরসভার প্রকৃত খাদ্যশস্য লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির নিকট হতে নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র/নং	পৌরসভার নাম	বিক্রয় কেন্দ্রের নাম
০১	হারাগাছ	বাংলা বাজার
০২	হারাগাছ	সারাই বাজার
০৩	হারাগাছ	মেনাজ বাজার

ক্র/নং	পৌরসভার নাম	বিক্রয় কেন্দ্রের নাম
০৪	হারাগাছ	কলেজ বাজার
০৫	হারাগাছ	পাইকার বাজার
০৬	হারাগাছ	হক বাজার

ডিলার নিয়োগে শর্ত ও যোগ্যতা:

- আবেদনকারীকে জাতীয় পরিচয়পত্র অনুযায়ী বয়স ১৮ বছরের উর্দে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং হারাগাছ পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- একজন আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের ডিলার হতে আগ্রহী, আবেদন পত্রে সেই বিক্রয় কেন্দ্রের স্থান উল্লেখ করতে হবে। আবেদনকারী কেবল একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন। কোন আবেদনকারী একাধিক আবেদন দাখিল করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- হারাগাছ পৌরসভা কর্তৃক ইস্যুকৃত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে এবং খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।
- আবেদনকারীকে দোকানের মালিকানা সংক্রান্ত কাগজপত্র (নিজস্ব দোকান হলে মালিকানের কাগজপত্র এবং ভাড়ার দোকান হলে দোকান ভাড়ার চুক্তিপত্র) সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীর যে বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করবেন সেই বিক্রয় কেন্দ্রের স্থানে কমপক্ষে ০৩ (তিন) মে. টন খাদ্যশস্য সংরক্ষণ উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
- আবেদনকারীকে মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
- আবেদনকারী ডিলার নির্বাচিত হলে নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
- খাদ্য অধিদপ্তরের কোনো ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত,কালো তালিকাভুক্ত বা যে কোনো অনিয়মের কারণে ডিলারশীপ বাতিল হওয়া ব্যক্তি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোনো পরিবহণ ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবাহক ডিলার হিসাবে কর্মরত কোনো ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলারের জন্য আবেদন করতে/ডিলার হতে পারবেন না।
- প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী ও জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- কোনো ব্যক্তি ডিলারশীপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশীপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে; এর ব্যতীত হলে উভয় ব্যক্তির ডিলারশীপ বাতিল হবে।
- আবেদনকারী অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।
- খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএসএস) নীতিমালা ২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন। বিদ্যমান ডিলারদের মধ্যে কেউ নীতিমালা অনুযায়ী যোগ্য বিবেচিত হলে তাকে নতুন ডিলার হিসাবে তালিকাভুক্তির জন্য বিবেচনা করা যাবে।
- অসম্পূর্ণ আবেদন/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয় পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

আবেদনের সাথে নিম্নলিখিত ডকুমেন্টস এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

১।	পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।	৫।	দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি।
২।	ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছতার সনদ।	৬।	জাতীয় পরিচয়পত্র ফটোকপি।
৩।	পৌরসভার ট্রেড লাইসেন্স এর ফটোকপি।	৭।	নাগরিকত্ব সনদ।
৪।	খাদ্য বিভাগ কর্তৃক প্রদত্ত খাদ্যশস্যের লাইসেন্স এর ফটোকপি।	৮।	অঙ্গীকারনামা।

আগ্রহী ব্যক্তিগণকে আগামী ১৮/১১/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে অনলাইন স্ট্রিজারী চালানে "১১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯" নং কোডে সরকারী কোষাগারে ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর হতে আবেদন ফরম সংগ্রহ পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রাদি একটি খামে ঢুকিয়ে মুখ বন্ধ অবস্থায় উপজেলা নির্বাহী অফিসার,কাউনিয়া, রংপুর এর কার্যালয়ে রক্ষিত বক্সে দাখিল করতে হবে এবং খামের উপর আবেদনকারীর নাম ঠিকানা, মোবাইল নং এবং খামের উপরে ডান পাশে যে বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করেছেন তার নাম স্পষ্টাক্ষরে লিখে জমা দিতে হবে।

০৭.১১.২০২৪

(সুফিয়া সুলতানা সরদার)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

৩

সদস্য সচিব
উপজেলা ওএমএস কমিটি
কাউনিয়া, রংপুর